

কর্মস্থলে সর্বোচ্চ/সর্বনিম্ন তাপমাত্রা কতটুকু?

(What is the maximum/minimum temperature in the workplace?)

The Workplace (Health, Safety and Welfare) Regulations 1992-তে কাজের পরিবেশ সংক্রান্ত প্রায় সকল দিক এর জন্য সুনির্দিষ্ট শর্তাদি দেয়া আছে।

এই বিধিমালার বিধি ৭ এ ভবনের অভ্যন্তরে অবস্থিত কর্মস্থলের তাপমাত্রা সম্পর্কে নির্দিষ্টভাবে বলা আছেঃ

১. নির্ধারিত কর্মঘন্টায়, ভবনাদির ভেতরে অবস্থিত কর্মস্থলে তাপমাত্রা যুক্তিযুক্ত মাত্রায় থাকতে হবে। অবশ্য, এই বিধির প্রয়োগ কর্মস্থানের ধরণের ওপর নির্ভর করবে, যেমন কোনো বেকারী, কোল্ড স্টোর, অফিস, ওয়্যারহাউস।

এর সাথে সংশ্লিষ্ট ACOP-এ ব্যাখ্যা রয়েছে যেঃ ‘কর্মক্ষেত্র তাপমাত্রা যুক্তিযুক্ত আরামপ্রদ হতে হবে যাতে বিশেষ কাপড়চোপড় পরার প্রয়োজন না হয়। যে ক্ষেত্রে গরম বা ঠান্ডা উৎপাদন প্রক্রিয়ার জন্য এধরনের তাপমাত্রা বাস্তবসম্মত নয়, সেক্ষেত্রে আরামপ্রদ তাপমাত্রার যতটুকু নিকটবর্তী তাপমাত্রা সম্ভব ততটুকু তাপমাত্রা অর্জন করার সকল যুক্তিসংগত পদক্ষেপ নিতে হবে। ‘কর্মক্ষেত্র’ মানে হলো একটি ক্ষেত্র যেখানে সাধারণভাবে লোকজন স্বল্পকালীন সময়ের বেশী সময় কাজ করে।

কর্মক্ষেত্র তাপমাত্রা সাধারণতঃ অন্ততঃপক্ষে ১৬ ডিগ্রি সেলসিয়াস হতে হবে, যদি না কাজের বেশী অংশের জন্যই প্রচণ্ড শারিরিক শক্তির প্রয়োজন হয়, সে ক্ষেত্রে তাপমাত্রা অন্ততঃপক্ষে ১৩ ডিগ্রি সেলসিয়াস হতে হবে। এসব তাপমাত্রা, অবশ্য, যুক্তিযুক্ত আরাম নিশ্চিত নাও করতে পারে যা বাতাস চলাচল ও বাতাসের আপেক্ষিক আদ্রতার ওপর নির্ভর করে।’

যেখানে কর্মক্ষেত্র তাপমাত্রা এমনভাবে অস্বস্তিকরভাবে বেশী থাকবে, উদাহরণতঃ গরম উৎপাদন প্রক্রিয়া বা ভবনের ডিজাইনের কারণে, সেক্ষেত্রে একটি যুক্তিযুক্তভাবে আরামপ্রদ তাপমাত্রা অর্জনের সকল যুক্তিসংগত পদক্ষেপ নিতে হবে, উদাহরণস্বরূপ নির্মলিখিত উপায়েঃ

- গরম কলকজা বা পাইপগুলো তাপনিরোধী আবরণ (ইনসুলেশন) দ্বারা ঢেকে
- বাতাস ঠান্ডা করার প্ল্যান্ট বসিয়ে
- জানালাগুলোতে ছায়া সৃষ্টিকারী আচ্ছাদন দিয়ে
- তাপবিকিরণজনিত গরম স্থান থেকে কর্মক্ষেত্র দূরে সরিয়ে নেয়া।

যেখানে কর্মক্ষেত্র জুড়ে যুক্তিযুক্তভাবে আরামপ্রদ তাপমাত্রা অর্জন করা সম্ভব হবেনা, সেখানে কর্মক্ষেত্র মধ্যে স্থান ভিত্তিক ঠান্ডা রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। চরমভাবে গরম আবহাওয়ায় স্থানভিত্তিক ঠান্ডাকরণ ব্যবস্থার পরিবর্তে ফ্যান ও বর্ধিত বাতাস চলাচল ব্যবস্থার সংস্থান করা যেতে পারে।

যেখানে, স্থানভিত্তিক ঠান্ডাকরণ ব্যবস্থা থাকা সত্ত্বেও কর্মীরা এমন তাপমাত্রার সম্মুখীন যা তেমনটা আরামদায়ক নয়, সেক্ষেত্রে যথাযথ সুরক্ষামূলক পোষাকআশাক ও অন্যান্য সুবিধাদির ব্যবস্থা করতে হবে। যেখানে বাস্তবে সম্ভব সেখানে কাজের এমন পদ্ধতি (যেমন, পালাক্রমে কাজ করার ব্যবস্থা) থাকতে হবে, যাতে কষ্টকর আপমাত্রায় একজন কর্মীর কাজ করার সময় সীমিত করা যায়।

সূত্র নির্দেশ

- L24, Workplace health, safety and welfare, (ISBN 0717604136 – HSE Books এ পাওয়া যায়)

- এইচএসই-র নির্দেশনামূলক প্রকাশনা Thermal Comfort in the Workplace তাপমাত্রা জনিত আরামের ব্যাখ্যা করে এবং উল্লেখ করে যেঃ ‘বৃটেনের বেশীরভাগ মানুষের জন্য আপমাত্রাজনিত স্বাচ্ছন্দ্যের আওতা হলো মোটামুটিভাবে ১৩^oই (৫৬^oউ) এবং ৩০^oই (৮৬^oউ), এতে বেশী চাপসম্পন্ন কাজের জন্য গ্রহণযোগ্য তাপমাত্রা এই রেঞ্জের নীচের দিকে এবং বসে বসে সহজ কাজের ক্ষেত্রে গ্রহণযোগ্য তাপমাত্রা রেঞ্জের উপরের দিকে।’
- HSG194, Thermal Comfort in the Workplace, (ISBN 0717624684 - HSE Books এ পাওয়া যায়)।